



ট্রান্সপারেন্সি  
ইন্টারন্যাশনাল  
বাংলাদেশ

দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

৯ ডিসেম্বর আন্তর্জাতিক দুর্নীতিবিরোধী দিবস উদযাপনের লক্ষ্যে  
ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি) এর আয়োজনে

চতুর্থ দুর্নীতিবিরোধী

কার্টুন প্রতিযোগিতা ২০০৯

বিষয়:

শিক্ষা, স্বাস্থ্য ও স্থানীয়  
সরকার খাতে দুর্নীতির প্রভাব ও  
পরিবর্তনের সম্ভাবনা

প্রতিযোগিতার বিভাগ

‘ক’ বিভাগ (১৩ - ১৮ বছর)

‘খ’ বিভাগ (১৯ - ৩৫ বছর)

পুরস্কার

প্রতি বিভাগের তিনজন করে বিজয়ীর জন্য  
ফ্রেস্ট ও সনদসহ যথাক্রমে ১৫,০০০, ১২,০০০ ও  
১০,০০০ টাকা।

এছাড়া দু’টি বিভাগে বিশেষ মনোনয়নপ্রাপ্ত  
মোট ৫০টি কার্টুনের জন্য প্রত্যেক প্রতিযোগীকে  
সনদসহ ১,০০০ টাকা।

কার্টুন পাঠানোর শেষ তারিখ:  
৩১ অক্টোবর ২০০৯

কার্টুন পাঠানোর ঠিকানা:

দুর্নীতিবিরোধী কার্টুন প্রতিযোগিতা ২০০৯

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ

আউটরিচ এন্ড কমিউনিকেশন বিভাগ

প্রথ্রেস টাওয়ার (৬ষ্ঠ তলা), বাড়ী ১

সড়ক ২৩, গুলশান-১, ঢাকা ১২১২

ফোন: ৯৮৮৭৮৮৪, ৮৮৫৪৪৫৬, ৯৮৮৭৪৯০

মোবাইল: ০১৭১৪০৯২৮৬৭

(সকাল ৯টা থেকে বিকাল ৫টা)

ই-মেইল: advocacy@ti-bangladesh.org

www.ti-bangladesh.org



অংশগ্রহণের নিয়মাবলী:

১. প্রতিযোগিতায় অংশগ্রহণকারী কার্টুনে উল্লেখিত তিনটি খাত - শিক্ষা, স্বাস্থ্য, স্থানীয় সরকার - এর যে কোন একটিতে দুর্নীতির প্রভাবের চিত্র ও পরিবর্তনের সম্ভাবনার প্রতিফলন থাকতে হবে।
২. কার্টুনটি ১২" X ১৬" অথবা ১২" X ১৮" ইঞ্চি আকারের হবে। ল্যান্ডস্কেপ এবং পোর্ট্রেইট দুইভাবে আঁকা যাবে। নির্দিষ্ট মাপের বাইরে বড় অথবা ছোট আকারের কার্টুন প্রতিযোগিতার জন্য বিবেচনা করা হবে না।
৩. যে কোন মাধ্যমে কার্টুন (পেনসিল স্কেচ, জল রং ইত্যাদি) অংকন করা যেতে পারে।
৪. সকল কার্টুন অবশ্যই মৌলিক হতে হবে এবং ক্যাপশন ব্যবহার করা যেতে পারে।
৫. একজন প্রতিযোগী একাধিক কার্টুন পাঠাতে পারবেন।
৬. ভাঁজহীন অবস্থায় কার্টুনটি এমনভাবে পাঠাতে হবে যেন এতে আঁচড় না পড়ে। খামের উপরে বিভাগ ও ‘দুর্নীতিবিরোধী কার্টুন প্রতিযোগিতা ২০০৯’ উল্লেখ করতে হবে।
৭. কার্টুনটি কাগজের যে পাশে আঁকা হবে তার অপর পাশে পেনসিলে স্পষ্টাক্ষরে সার্টিফিকেট অনুযায়ী বাংলা ও ইংরেজিতে নিজের নাম এবং বয়স লিখতে হবে।
৮. সঙ্গে এক কপি ছবি (পাসপোর্ট), বয়সের প্রত্যয়নপত্র (নাগরিকত্বের সনদপত্র/স্কুল কর্তৃক বয়সের প্রত্যয়নপত্র/মাধ্যমিক বা উচ্চ মাধ্যমিক পরীক্ষার সনদপত্র অথবা পাসপোর্ট প্রভৃতি বয়স উল্লেখ আছে এমন প্রমাণপত্রের ফটোকপি), যোগাযোগের পূর্ণ ঠিকানা ও ফোন নম্বর পাঠাতে হবে।
৯. টিআইবি’র কর্মকর্তা/কর্মচারি ও তাদের নিকট আত্মীয় এ প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবেন না।
১০. প্রতিযোগিতায় বিচারকমণ্ডলীর সিদ্ধান্তই চূড়ান্ত বিবেচিত হবে।
১১. সকল কার্টুনের স্বত্ব টিআইবি কর্তৃক সংরক্ষিত হবে এবং টিআইবি এগুলো সংরক্ষণ ও ব্যবহার করতে পারবে।